ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০২১

৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) আগ্রহী সকল তরুণদের কাছ থেকে মৌলিক ও সৃজনশীল কার্টুন আহ্বান করছে।

## বিষয়ঃ ‘স্বাস্থ্য ও শিক্ষা খাতে করোনা অতিমারির প্রভাব’

### বিভাগঃ ‘ক’ বিভাগঃ (১৩-১৮ বছর) ও ‘খ’ বিভাগঃ (১৯-২৫ বছর)

প্রথম তিনজন বিজয়ীর জন্য ক্রেস্ট ও সনদসহ যথাক্রমে ৭৫ হাজার, ৫০ হাজার ও ৪০ হাজার টাকা পুরস্কার দেওয়া হবে।

### অংশগ্রহণের নিয়মাবলীঃ

১. প্রতিযোগিতায় প্রেরিত কার্টুনে প্রতিযোগীর দৃষ্টিতে স্বাস্থ্য ও শিক্ষা খাতে করোনার প্রভাবসহ দুর্নীতির চিত্র ও প্রতিরোধে করণীয় বিষয়ের প্রতিফলন থাকতে হবে;

২. কার্টুনটি ১২x১৬ অথবা ১২x১৮ ইঞ্চি আকারের ল্যান্ডস্কেপ/পোর্ট্রেইট দুইভাবে আঁকা যাবে। নির্দিষ্ট মাপের বাইরে আঁকা কার্টুন প্রতিযোগিতার জন্য বিবেচিত হবে না;

৩. যেকোনো মাধ্যমে (কালি-কলম, জল রং, পোস্টার কালার, পেস্টাল বা ক্রেয়ন কালারে) আঁকা কার্টুন জমা দেওয়া যাবে এবং সীমিত ক্যাপশন ব্যবহার করা যাবে। **কম্পিউটারে আঁকা কার্টুন গ্রহণযোগ্য নয়;**

৪. একজন প্রতিযোগী ভাঁজহীন অবস্থায় একাধিক কার্টুন পাঠাতে পারবেন। খামের উপরে **‘দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০২১’** ও **‘বিভাগ’** উল্লেখ করতে হবে;

৫. কার্টুনের অপর পাশে পেন্সিলে স্পষ্টাক্ষরে সার্টিফিকেট অনুযায়ী বাংলা ও ইংরেজিতে প্রতিযোগীর নাম এবং বয়স লিখতে হবে।

৬. প্রতিযোগীর এক কপি ছবি (পাসপোর্ট সাইজ), বয়সের প্রত্যয়ণপত্র (স্কুল কর্তৃপক্ষ প্রদত্ত/জাতীয় পরিচয়পত্র/মাধ্যমিক বা উচ্চ-মাধ্যমিক পরীক্ষার সনদ/পাসপোর্ট), যোগাযোগের পূর্ণ ঠিকানা ও ফোন নম্বর পাঠাতে হবে;

৭. কার্টুন অবশ্যই মৌলিক হতে হবে। কার্টুনটি অন্য কোনো প্রতিযোগিতায় জমা দেওয়া হয়নি এবং অন্য কোনো কার্টুনের অনুকরণ বা অন্যকে দিয়ে আঁকানো হয়নি– মর্মে প্রত্যেক কার্টুনিস্টকে একটি অঙ্গীকারনামা সংযুক্ত করতে হবে। পরবর্তী সময়ে অঙ্গীকারনামা অসত্য প্রমাণিত হলে পুরস্কার ও মনোনয়ন বাতিল করা হবে এবং পুরস্কার হিসেবে প্রাপ্ত অর্থ, ক্রেস্ট ও সনদ ফেরত দিতে হবে;

৮. প্রতিযোগিতায় টিআইবির মনোনীত বিচারকমণ্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;

৯. প্রতিযোগিতায় জমা দেওয়া সকল কার্টুনের স্বত্ব টিআইবির। টিআইবি এগুলোর সংরক্ষণ, প্রচার ও ব্যবহার করতে পারবে;

১০. টিআইবির কর্মকর্তা ও তাদের নিকটাত্মীয় এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।

**কার্টুন জমা দেওয়ার বর্ধিত শেষ তারিখঃ ৩১ অক্টোবর ২০২১**

**জমা দেওয়ার ঠিকানাঃ**

**দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০২১**
আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন
ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
মাইডাস সেন্টার (লেভেল ৪ ও ৫)
বাড়ি-৫, সড়ক -১৬ (নতুন), ২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা- ১২০৯

ফোনঃ ৪৮১১৩০৩২, ৪৮১১৩০৩৩, ৪৮১১৩০৩৬
ই-মেইলঃ advocacy@ti-bangladesh.org
ওয়েবসাইটঃ www.ti-bangladesh.org
ফেসবুকঃ www.ti-bangladesh.org/TIBangladesh